উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মোহনপুর, রাজশাহী
www.mohonpur.rajshahi.gov.bd

স্মারক নং ঃ ০৫.৪৩.৮১.৫৩.০০০.০৩.০০১.২০২৩- ২৭৫  তারিখ ঃ ০৬/০৪/২০২৩ খ্রি.

## মোহনপুর উপজেলাধীন ২০ একর পর্যন্ত বদ্ধ সরকারি জলমহাল ইজারা বন্দোবস্ত প্রদানের লক্ষ্যে পুনঃ আবেদন আহ্বানের বিজ্ঞপ্তি

এতদ্বারা নিবন্ধিত **প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির** অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ অনুযায়ী রাজশাহী জেলার মোহনপুর উপজেলাধীন ২০ একর পর্যন্ত বদ্ধ সরকারি জলমহাল (পুকুর/জলাশয়) ১৪৩০ হতে ১৪৩২ বাংলা সন পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা বন্দোবস্ত প্রদানের নিমিত্ত সাধারণ আবেদনে পুণরায় সিলমোহরকৃত আবেদনপত্র আহবান করা যাচ্ছে। যদি প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি পাওয়া না যায় সেক্ষেত্রে জলমহাল ব্যবস্থাপনা নীতিমাল,২০০৯ (সংশোধিত) অনুযায়ী সমাজ ভিত্তিক মৎস্য চাষ ব্যবস্থাপনার অনুকরণে, কেবলমাত্র সংশ্লিষ্ট পুকুর/জলমহালের চারপার্শ্বের নিকটিবর্তী অবস্থানে বসবাসরত বর্ণিত ব্যক্তিগণের সমন্বয়ে এতদুদ্দেশ্যে গঠিত ও সমবায় অধিদপ্তর কিংবা সমাজসেবা অধিদপ্তরের স্থানীয় অফিসে **নিবন্ধিত সমিতির অনুকূলে (ক) বেকার যুবক (খ) মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান (গ) যুব মহিলা (ঘ) বিধবা ও স্বামী পরিত্যক্তা (ঙ) আনসার ভিডিপি ও গ্রাম পুলিশ সদস্য (চ) দরিদ্র ও অস্বচ্ছল ব্যক্তিদেরকে অগ্রাধিকার দেয়া হবে।** নিবন্ধিত সমিতি ব্যতীত কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।

দরপত্র প্রাপ্তি ও জমাদানের স্থান : উপজেলা নির্বাহী অফিসার, মোহনপুর, রাজশাহী এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট এর বিনিময়ে অফিস চলাকালীন সময়ে (১) উপজেলা নির্বাহী অফিস, মোহনপুর (২) উপজেলা ভূমি অফিস, মোহনপুর, রাজশাহী হতে দরপত্র সংগ্রহ ও জমা দেওয়া যাবে। আবেদন ফরমসমূহ নিম্নোক্ত দিনক্ষণ অনুযায়ী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও উপজেলা ভূমি অফিসে রক্ষিত আবেদন বাক্সে গ্রহণ করা হবে। নির্ধারিত সময়ে সংশ্লিষ্ট দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকে) আবেদন ফরমসমূহ খোলা হবে।

তথ্য ও শর্তাবলী : (১) উপজেলা নির্বাহী অফিস, মোহনপুর, রাজশাহী (২) উপজেলা ভূমি অফিস, মোহনপুর, রাজশাহী হতে জানা যাবে।

### জলমহালের দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও দাখিলের তারিখ

| ১ম দফা | | ২য় দফা | | ৩য় দফা | | ৪র্থ দফা | | ৫ম দফা | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| দরপত্র বিক্রয়ের তারিখ | দরপত্র দাখিলের তারিখ | দরপত্র বিক্রয়ের তারিখ | দরপত্র দাখিলের তারিখ | দরপত্র বিক্রয়ের তারিখ | দরপত্র দাখিলের তারিখ | দরপত্র বিক্রয়ের তারিখ | দরপত্র দাখিলের তারিখ | দরপত্র বিক্রয়ের তারিখ | দরপত্র দাখিলের তারিখ |
| ১১/০৪/২৩ হতে ২৫/০৪/২৩ | ২৬/০৪/২৩ | ০৭/০৫/২৩ হতে ১৫/০৫/২৩ | ১৬/০৫/২৩ | ২৩/০৫/২৩ হতে ৩১/০৫/২৩ | ০৪/০৬/২৩ | ১১/০৬/২৩ হতে ২০/০৬/২৩ | ২১/০৬/২৩ | ০৪/০৭/২৩ হতে ১৬/০৭/২৩ | ২৩/০৭/২৩ |

তালিকায় প্রকাশিত কোন পুকুর নিয়ে কারো কোন আপত্তি বা দাবী দাওয়া থাকলে এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে আগামী ২৫/০৪/২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত উপজেলা নির্বাহী অফিসার, মোহনপুর, রাজশাহী বরাবর আবেদন দাখিল করতে হবে।

(সাবিহা ফাতেমাতুজ্-জোহ্‌রা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি
মোহনপুর, রাজশাহী

স্মারক নং ঃ ০৫.৪৩.৮১.৫৩.০০০.০৩.০০১.২০২৩- ২৭৫(৩০৩)  তারিখঃ ০৬/০৪/২০২৩ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

০১। মাননীয় সংসদ সদস্য,৫৪ রাজশাহী-৩ (পবা-মোহনপুর) ও উপদেষ্টা-০১, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি, মোহনপুর, রাজশাহী।
০২। জেলা প্রশাসক, রাজশাহী।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপদেষ্টা-০২, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি, মোহনপুর, রাজশাহী।
০৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রাজশাহী।

অনুলিপি অবগতি ও ব্যাপক প্রচারের জন্য প্রেরণ করা হলো :

০৫। মেয়র, কেশরহাট পৌরসভা, রাজশাহী।
০৬। উপজেলা নির্বাহী অফিসার.......................................................(সকল), রাজশাহী।
০৭। সহকারী কমিশনার (ভূমি).....................................................(সকল), রাজশাহী।
০৮। উপজেলা...............................................অফিসার.................................রাজশাহী। তাকে খাস পুকুর ইজারা বিজ্ঞপ্তি তার কার্যালয়ে তার কার্যালয়ে নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
০৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী। [বিজ্ঞপ্তি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ জানানো হলো]
১০। চেয়ারম্যান,ধুরইল/ঘাসিগ্রাম/রায়ঘাটি/মৌগাছি/বাকশিমইল/জাহানাবাদ ইউপি , মোহনপুর, রাজশাহী। তাকে খাস পুকুরের ইজারা বিজ্ঞপ্তি তার ইউনিয়নে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১১। জনাব.............................................................. সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি, মোহনপুর, রাজশাহী।
১২। সম্পাদক, দৈনিক.........................................................পত্রিকার ভিতরের পাতায় ৮" X ৬" সাইজে স্বল্প পরিসরে একদিন প্রকাশ করত: প্রত্রিকার বিল প্রেরণর জন্য অনুরোধ করা হলো।
১৩। ইউনিয়ন ভূমি উপ-সহকরী, কেশরহাট/ধোর্শা/হরিহরপাড়া ইউনিয়ন ভূমি অফিস, মোহনপুর, রাজশাহী। তাকে খাস পুকুরের ইজারা বিজ্ঞপ্তিটি ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য এবং জারীর প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

০৬/০৪/২০২৩
(সাবিহা ফাতেমাতুজ্-জোহ্‌রা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি
মোহনপুর, রাজশাহী

জলমহাল ইজারা গ্রহণের জন্য আবেদনের সাথে যে সকল কাগজপত্র দাখিল করতে হবে তা নিম্নরূপ :

০১। সমিতির গঠন তন্ত্রের কপি
০২। সমিতির কার্যবিবরণী
০৩। নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি
০৪। সমিতির সদস্যদের প্রকৃত মৎস্যজীবি সংক্রান্ত সনদপত্র
০৫। হাল ব্যাংক স্বচ্ছলতার সনদপত্র
০৬। মৎস্য চাষের কর্ম পরিকল্পনা/রুপরেখা
০৭। সার্টিফিকেট মামলা আছে কিনা সে বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারের প্রত্যয়নপত্র
০৮। মৎস্যজীবি সমিতি/সংগঠন, যেগুলো বর্তমানে কার্যকর আছে তার প্রমান স্বরুপ উপজেলা সমবায় কর্মকর্তার প্রত্যয়নপত্র
০৯। সংগঠন/সমিতির নির্বাচিত কমিটির তালিকা
১০। ০৩(তিন) কপি পাসপোর্ট আকারের ছবি পৌর মেয়র/সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক সত্যায়িত
১১। বিগত ০২ (দুই) বছরের অডিট প্রতিবেদন (নতুন সংগঠন/সমিতির জন্য প্রযোজ্য নয়)
১২। আবেদন ফি (অফেরতযোগ্য) বাবদ=৫০০/-(পাঁচশত) টাকা উপজেলা নির্বাহী অফিসার, মোহনপুর, রাজশাহী বরাবরে সোনালী ব্যাংক লিঃ মোহনপুর শাখা
১৩। জামানত বাবদ বিডি মোট মূল্যের ২০% হারে উপজেলা নির্বাহী অফিসার, মোহনপুর, রাজশাহী বরাবরে সোনালী ব্যাংক লিঃ, মোহনপুর শাখা, রাজশাহী।

শর্তাবলী :

০১। আবেদন উপজেলা নির্বাহী অফিসার, মোহনপুর, রাজশাহী বরাবর দাখির করতে হবে

০২। একটি আবেদন ফরমের তফশিলে একটি পুকুর/জলাশয় উল্লেখ করতে হবে। একের অধিক পুকুর/জলাশয় উল্লেখ থাকলে তা বাতিল বলে গণ্য হবে।

০৩। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি-২০০৯ ও সংশোধিত গেজেট অনুযায়ী শুধুমাত্র নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি ও একক সমিতির অনুকূলে ইজারা বন্দোবস্ত প্রদান করা হবে। অনিবন্ধিত কোন সমিতি/সংগঠন আবেদন করতে পারবেনা।

০৪। সমিতিতে প্রকৃত মৎস্যজীবি ব্যতীত অন্য কোন সদস্য থাকলে বা কার্যনির্বাহী কমিটিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবি নহেন তাহলে উক্ত সমিতি আবেদনের যোগ্য হবে না। আবেদনকারী সমিতির সকল সদস্য প্রকৃত মৎস্যজীবি কি-না এবং নিবন্ধনকৃত কি-না তা জেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন পত্র সংগ্রহ করে আবেদনের সাথে দাখিল করতে হবে।

০৫। কোন মৎস্যজীবি সমবায় সমিতি/সংগঠন/সমিতি দুটির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবেনা।

০৬। ইজারা মেয়াদ বাংলা ১৪৩০ সনের ০১ বৈশাখ হতে বাংলা ১৪৩২ সনের ৩০ চৈত্র পর্যন্ত সময়ের জন্য বলবৎ থাকবে। আবেদন ফরম বিক্রয় বা জমাদানের নির্ধারিত তারিখে কোন কারণে যদি সরকারি ছুটি ঘোষণা করা হয় তবে ছুটির পরদিন আবেদন বিক্রি বা গ্রহণের তারিখ ও সময়সূচি প্রযোজ্য হবে।

০৭। সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবি সংগঠন/সমিতি প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবে। আবেদনকারী উপজেলা নির্বাহী অফিসার, মোহনপুর, রাজশাহীর অনুকূলে ০৩ (তিন) বছরের উদ্ধৃত মূল্যের উপর ২০% অর্থ জামানত বাবদ সোনালী ব্যাংক লিঃ, মোহনপুর শাখা হতে বিডি/পে-অর্ডার আবেদনপত্রের সহিত দাখিল করতে হবে এবং বিডি এর সাথে ১০/- টাকার রাজস্ব টিকিট (বিডি কালেকশন ফিস) বাবদ জমা দিতে হবে। প্রত্যেক দরপত্র দাতাকে দরপত্রের সাথে ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ফটো সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের নিকট হতে সত্যায়িত করে সংযুক্ত করতে হবে। জামানতের ২০% অর্থ শেষ বছরের ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে।

০৮। সিদ্ধান্ত গৃহীত হওয়ার ১৫ (পনের) দিনের মধ্যে ০৩ (তিন) বছরের সমুদয় ইজারা মূল্য পরিশোধ করতে হবে। অন্যথায় দাখিলকৃত জামানত সরকারের অনুকূলে স্বয়ংক্রিয়ভাবে বাজেয়াপ্ত হবে এবং জলমহাল পুণরায় ইজারা দেওয়া হবে।

০৯। ০৩ (তিন) বছর মেয়াদী ইজারা মূল্য বাংলা বছর ভিত্তিতে পরিশোধ করতে হবে। ২য় বছরের সম্পূর্ণ ইজারা মূল্য ১ম বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে।পরবর্তী সময়ের ইজারা মূল্য একইভাবে পূর্ববর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। যুক্তি সংগত কারণ ব্যতীত সমুদয় ইজারা মূল্য পরিশোধে ব্যর্থ হলে ইজারা বাতিল করা হবে এবং জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। ইজারা অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

১০। আবেদনে গৃহীত ইজারা মূল্য ০৩ (তিন) বছর অপরিবর্তিত থাকবে। নির্ধারিত তারিখের মধ্যে জলমহালগুলো সরেজমিনে পরিদর্শন করে প্রকৃত অবস্থা সঠিকভাবে জেনে আবেদন দাখিল করতে হবে। উক্ত বিষয়ে পরবর্তীতে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১১। ইজারা প্রদত্ত জলমহালের সম্পূর্ণ অর্থ পরিশোধ করায় ০৭ (সাত) দিনের মধ্যে আবেদনকারীকে নিজ দায়িত্বে ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারা প্রদানকারী কর্তৃপক্ষের সাথে চুক্তিনামা সম্পাদন এবং সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি অফিস হতে আনুষ্ঠানিকভাবে জলমহালের দখল গ্রহণ করতে হবে।

১২। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক দরপত্র চূড়ান্তভাবে অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১৩। ইজারাদার কর্তৃক কোন অবস্থাতেই ইজারাকৃত জলমহলের সম্পূর্ণ বা আংশিক কাহারো নিকট হস্তান্তর বা সাব লীজ প্রদান করা যাবে না। অনুরূপ অভিযোগ প্রমানিত হলে ইজারা বাতিল করা হবে এবং জামানতসহ জমাকৃত ইজারা মূল্য সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে।ঐ ইজারা গ্রহীতা/সমিতি পরবর্তী ০৩ (তিন) বছর কোন জলমহালের ইজারা সংক্রান্ত কোন আবেদন করতে পারবেনা।

১৪। কোন সমিতি উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি সিদ্ধান্তের বিরুদ্ধে সংক্ষুব্ধ হলে ও আবেদনকারী সমিতি যদি জামানতের অর্থ ফেরত না নিয়ে থাকেন তবে ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে জেলা প্রশাসক, রাজশাহী মহোদয়ের নিকট আপীল দায়ের করতে পারবেন।

১৫। আবেদন গ্রহীত হলে দরদাতাকে ইজারা মূল্য ১-১১৪১-০০০০-১২৬১ নং কোডে ইজারা মূল্যের উপর ১৫% ভ্যাট ১-১১৩৩-০০২০-০৩১১ নং কোডে এবং ৫% আয়কর ১-১১৪১-০০৬০-০১১১ নং কোডে চালনের মাধ্যমে জমা দিয়ে কপি দাখিল করতে হবে।

১৬। সায়রাত মহাল ইজারার ক্ষেত্রে যাবতীয় সরকারি নীতিমালা জারী হলে তা ইজারাদের জন্য মেনে চলা বাধ্যতামূলক ।

১৭। ইজারা প্রদানে বিলম্বে দরুন ইজারা অর্থ আংশিক বা হারাহারিভাবে প্রদেয় হবেনা অথবা খাসে আদায়কৃত অর্থ ও ইজারাদারকে প্রদান করা হবেনা। আবেদনপত্রে র খামে সায়রাত মহলের নাম ও ক্রমিক নং উল্লেখ করতে হবে।

১৮। মাছ ধরার ক্ষেত্রে বিদ্যমান এবং সময় জারীকৃত বিধি-বিধান অনুসরন ইজারাদের জন্য বাধ্যতামূলক হবে।

১৯। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি-২০০৯, অনুযায়ী অন্যান্য শর্ত প্রযোজ্য হবে।

২০। যে কোন আবেদন বাতিল/গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০৬/০৪/২০২৩

(সাবিহা ফাতেমাতুজ-জোহরা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি
মোহনপুর, রাজশাহী
ফোন নং-০২৫৮৮৮৬৯০০২